



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর



স্মারক নং- (০-৫)/জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/৪২১

তারিখ : ০৩/০২/২০২২

কোভিড-১৯ পরিস্থিতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত জরুরি নির্দেশনা

“ সঠিক নিয়মে মাস্ক পরি, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করি ”

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, দেশের কোভিড পরিস্থিতিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চলমান বিভিন্ন পরীক্ষা সংশোধিত সময়সূচী অনুযায়ী আগামি ০৭/০২/২০২২ তারিখ থেকে শুরু হবে। পরীক্ষা গ্রহণে নিম্নলিখিত নির্দেশনা এবং স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো;

- নির্দেশনা-(ক)** পরীক্ষা কেন্দ্রে ২(দুই) জন পরীক্ষার্থীর মধ্যে অন্তত ৩ (তিন) ফুট দূরত্ব বজায় রেখে আসন ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ভেন্যু কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা যাবে।
- নির্দেশনা-(খ)** সকল শিক্ষক, পরীক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী মাস্ক পরিধান করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করবে। মাস্ক সঠিক নিয়মে পরতে হবে এবং মাস্ক ছাড়া কেউ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। শুধুমাত্র পরীক্ষার্থীর পরিচয় নিশ্চিত করার জন্য সাময়িক মাস্ক খোলা যাবে।
- নির্দেশনা-(গ)** পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পূর্বে হাত ধোয়ার জন্য প্রয়োজনীয় সাবান এবং পানির ব্যবস্থা রাখতে হবে। প্রয়োজনে হ্যান্ড সেনিটাইজারের ব্যবস্থা রাখতে হবে।
- নির্দেশনা-(ঘ)** সকলকে কোভিড-১৯ এর টিকা দেয়া হচ্ছে। যেসব শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা/কর্মচারী এখনও টিকা গ্রহণ করেনি অনতিবিলম্বে তাদের টিকা গ্রহণের জন্য বলা হলো।
- নির্দেশনা-(ঙ)** স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত সকল স্বাস্থ্যবিধি অবশ্যই অনুসরণ করতে হবে।

উপরোক্ত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষা অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭ (অফিস)

Email:controller@nu.ac.bd